

একনেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩টি আঞ্চলিক কেন্দ্র অনুমোদন

অর্থনৈতিক বাতা পরিবেশক

বরিশাল, রংপুর ও চট্টগ্রাম শহরে ভূমি অধিগ্রহণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩টি স্থায়ী আঞ্চলিক কেন্দ্র নির্মাণে ১১৯ কোটি ২ লাখ টাকার একটি প্রকল্প অনুমোদিত হয়েছে। গত মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলানগরস্থ পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত সভায় এ প্রকল্প অনুমোদন পায়। প্রকল্পের প্রতিটি কেন্দ্রে ১ একর জমিতে ৫০ হাজার বর্গফুটের ১০তলা ভবন নির্মিত হবে। এ উপলক্ষে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছে উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। পরীক্ষা অনুষ্ঠান, শিক্ষকদের প্রশিক্ষণ ইত্যাদি কর্মকাণ্ড এসব কেন্দ্র থেকে পরিচালিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়কে গতিশীল করতে ও শিক্ষার সার্বিক উন্নয়নে অনুমোদিত এ প্রকল্প বিশেষ ভূমিকা রাখবে। উল্লেখ্য, দ্বিতীয় পর্যায়ে অপর ৩টি বিভাগীয় শহরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আরও ৩টি আঞ্চলিক কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে।